# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ

টেলিফোন ঃ ৯৫৫৮১০৯, ৯৫৬৫৮৪৮
ওয়েব পেজ ঃ www.krishibank.org.bd
ই-মেইল ঃ dgmfrmd@krishibank.org.bd
frmdincentive@krishibank.org.bd


পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২২/২০১৯ তারিখ ঃ ১৬.১০.২০১৯

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যম)
বাংলাদেশ কৃষি ব্যাংক ।

**বিষয় ঃ বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা / নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

বাংলাদেশের অর্থনীতির অন্যতম চালিকাশক্তি হল বিদেশে থাকা বাংলাদেশীদের পাঠানো অর্থ বা রেমিট্যান্স। প্রবাসীদের প্রেরিত রেমিট্যান্সের গুরুত্ব বিবেচনায় দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখার লক্ষ্যে বিদেশে কর্মরত বাংলাদেশী শ্রমজীবী মানুষের কষ্টার্জিত রেমিট্যান্স বৈধ উপায়ে বাংলাদেশে প্রেরনে উৎসাহিত করনের লক্ষ্যে প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে সরকার কর্তৃক বেনিফিসিয়ারীকে ২% প্রণোদনা/নগদ সহায়তা অর্থাৎ ১০০ টাকা দেশে পাঠালে ২ টাকা প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

০২। বাংলাদেশ ব্যাংক, একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট(সরকারী হিসাব শাখা) এর পত্র নং এএন্ডবিডি (স.হি.)/১৪২/২০১৯-৪৮২০ তারিখ: ০৬-১০-২০১৯ এর নির্দেশনা অনুযায়ী নিম্নলিখিলিত শর্ত পরিপালন মোতাবেক শাখা কর্তৃক গ্রাহককে ২% প্রণোদনা /নগদ সহায়তা প্রদান করতে হবে:

(ক) বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে নগদ সহায়তা পরিশোধের পর নিরীক্ষায় প্রাপ্য অর্থের চেয়ে বেশী পরিশোধিত হয়েছে মর্মে প্রমানিত হলে সংশ্লিষ্ট অর্থ আদায়পূর্বক গ্রহীতার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহনপূর্বক অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

(খ) এ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী এবং নগদ সহায়তা প্রদানের নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(গ) অর্থ গ্রহীতাকে ব্যাংকের নিকট এ মর্মে অঙ্গীকার(undertaking) প্রদান করতে হবে যে, প্রাপ্যতার অতিরিক্ত অর্থ গ্রহন বা অন্য কোন অনিয়ম পরবর্তীতে পাওয়া গেলে তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহন করা যাবে এবং প্রদত্ত অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকবে।

(ঘ) নগদ সহায়তা/ভর্তুকি পরিশোধের নিমিত্তে ছাড়কৃত অর্থের স্বচ্ছতা বজায় রাখতে এবং এ অর্থের মধ্যে যাতে কো ন ব্যত্যয় না ঘটে সেদিকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

০৩। অত্র ব্যাংকের বর্তমানে ১০৩৮ টি শাখায় গ্রামীন ফোন মডেম ও ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করে ১৯টি কোম্পানীর মাধ্যমে প্রেরিত স্পট ক্যাশ রেমিট্যান্স কোম্পানীর ওয়েব পোর্টালে Log In করে সরাসরি পেমেন্ট করা হচ্ছে। গ্রাহককে Spot Cash প্রদানের ক্ষেত্রে অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলারের নিয়ম অনুসরণপূর্বক শাখা কর্তৃক প্রাপ্ত রেমিট্যান্সের অর্থ ছাড়করণ/পরিশোধ করা হয়। Spot Cash রেমিট্যান্স অর্থাৎ Instant Cash Payment এর ক্ষেত্রে ব্যাংকের মুদ্রিত ক্যাশ পেমেন্ট ভাউচার(এসিএফ-১৬) অথবা ২৬.০২.২০১৯ তারিখের জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৯/২০১৯ এর মাধ্যমে Spot Cash কোম্পানীর সিষ্টেম থেকে জেনারেটকৃত ভাউচারকে ক্যাশ পেমেন্ট ভাউচার হিসেবে গণ্য করে গ্রাহককে রেমিট্যান্সের অর্থ পেমেন্ট করা হয়। Spot Cash রেমিট্যান্সের মুল অর্থ পেমেন্টের সাথে সাথে বাংলাদেশ ব্যাংক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের এফই সার্কুলার নং-৩১ তারিখ: ০৬ আগষ্ট, ২০১৯ মোতাবেক রেমিট্যান্সের মুল অর্থের ২% প্রনোদনা/নগদ সহায়তা ব্যাংকের মুদ্রিত ক্যাশ পেমেন্ট ভাউচার(এসিএফ-১৬) এর মাধ্যমে প্রদান করা হবে। ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগের ০৮.০৮.২০১৯ তারিখের প্রকা/এফআরএমডি/০৯(০৪)/২০১৯-২০২০/২৩৭ মোতাবেক বাংলাদেশ ব্যাংকের বর্ণিত সার্কুলারটি মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। কর্তৃপক্ষ চাহিবা মাত্র সরবরাহের জন্য বাংলাদেশ ব্যাংকের সার্কুলারের সংযুক্তি ফরম-খ পূরণপূর্বক শাখা পর্যায়ে সংরক্ষণ করতে হবে। প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে অনুসরনীয় পদ্ধতি নিম্নরুপ হবে:

(ক) Spot Cash কোম্পানীর মাধ্যমে প্রাপ্ত মুল অর্থ মাঃ১৫০০(এক হাজার পাঁচশত)/১২৫০০০.০০(এক লক্ষ পচিঁশ হাজার) টাকা পর্যন্ত হলে প্রেরক অর্থাৎ রেমিটার/প্রবাসীর কোন প্রকার অতিরিক্ত কাগজপত্র ব্যতিরেকে প্রণোদনা/নগদ সহায়তা রেমিট্যান্স গ্রহনকারী/বেনিফিসিয়ারীকে মুল অর্থের উপর ২% হারে প্রনোদনা প্রদান করবেন।

(খ) এক্সচেঞ্জ কোম্পানীর মাধ্যমে প্রাপ্ত মুল অর্থ মাঃ১৫০০(এক হাজার পাঁচশত)/১২৫০০০.০০(এক লক্ষ পচিঁশ হাজার) টাকার বেশী হলে প্রাপককে রেমিট্যান্স প্রেরকের বৈধ কাগজপত্র (যেমন: পাসপোর্টের কপি এবং বিদেশী নিয়োগদাতা কর্তৃক প্রদত্ত নিয়োগপত্রের কপি/বিএমইটি প্রদত্ত সনদপত্রের কপি, ব্যবসায় নিয়োজিত ব্যক্তির ক্ষেত্রে ব্যবসার লাইসেন্সের কপি ইত্যাদি) দাখিল সাপেক্ষে প্রনোদনা /নগদ সহায়তা প্রদান করা হবে। প্রাপক কর্তৃক রেমিট্যান্স গ্রহনের দিন প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করা সম্ভব না হলে পরবর্তী ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে তা উপস্থাপন করলে শাখা কর্তৃক প্রাপককে প্রাপ্য নগদ সহায়তা প্রদান করবে।

চলামান পাতা-২

**বিষয় ঃ বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা / নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

(গ) উদাহরনস্বরূপ: গ্রাহকের মুল অর্থ ৮৮,৯৮৮.৫৩ টাকা অথবা ৪৫,৫৫২.০০ টাকা হলে প্রণোদনা/নগদ সহায়তা যথাক্রমে ৮৮৯৮৮.৫৩X২%=১৭৭৯.০০(ভাউচার ৮৮৯৮৮.৫৩X২%=১৭৭৯.৭৭ এর স্থলে ১৭৭৯.০০ টাকা হবে) এবং ৪৫৫৫২.০০X২%=৯১১.০০(ভাউচার ৪৫৫৫২.০০X২%=৯১১.০৪ এর স্থলে ৯১১.০০ টাকা হবে) প্রদান করতে হবে। উল্লেখ্য, আদায়যোগ্য হিসাব খাত হতে স্পট ক্যাশের প্রণোদনা গ্রাহককে প্রদানকরতঃ বিকেবি'র প্রধান কার্যালয় হতে রেমিট্যান্সের অর্থের ন্যায় পরবর্তী দিনে উক্ত অর্থ পুনঃভরণ করা হবে । বিভিন্ন শাখা কর্তৃক প্রণোদনার অর্থ প্রদানে ভগ্নাংশের(পয়সা) হিসাবে ভিন্নতা দেখা দিতে পারে বিধায় জটিলতা নিরসনে তথা হিসাব সমন্বয়ের সুবিধার্থে শুধুমাত্র প্রণোদনা/নগদ সহায়তার অর্থের ক্ষেত্রে ভগ্নাংশের ব্যতিরেকে অর্থাৎ পয়সার হিসাব বাদ দিয়ে হিসাব করতে হবে।

(ঘ) রেমিট্যান্সের মুল অর্থ এবং মুল অর্থের উপর হিসাবায়নকৃত ২% হারে প্রণোদনা/নগদ সহায়তা উভয়টির জন্য আলাদা ক্যাশ পেমেন্ট ভাউচার(এ সি এফ-১৬) প্রস্তুত করতে হবে। নিম্নরূপ নগদ ভাউচার (ক্রেডিট ঃ ক্যাশ ভাউচার) প্রস্তুত করে গ্রাহককে টাকা প্রদান করতে হবে।

ডেবিট ঃ ১৩১/১৫৮-প্রণোদনা/নগদ সহায়তার অর্থ ।

(i) মুল অর্থের উপর হিসাবায়নকৃত ২% হারে প্রণোদনা/নগদ সহায়তার জন্য প্রস্তুতকৃত ক্যাশ পেমেন্ট ভাউচার(এসিএফ-১৬)টিতে নিম্নে প্রদত্ত নমুনা মোতাবেক লিখা সিল প্রথম পৃষ্ঠায় Affix করতে হবে(সীলের সাইজ ৩ ইঞ্চিX২.৫ ইঞ্চি)।

| প্রণোদনা/নগদ সহায়তা ভাউচার |
|---|
| এক্সচেঞ্জ কোম্পানীর নাম: |
| গ্রাহকের নাম: |
| পিন নাম্বার: |
| এনআইডি/পাসপোর্ট/ছবিযুক্ত আইডি নং: |
| মোবাইল নম্বর: |
| রেমিট্যান্সের মুল অর্থের পরিমান: |
| প্রণোদনা/নগদ সহায়তার পরিমান: ................X২%=........... |

(ii) প্রস্তুতকৃত ভাউচারের অপর পৃষ্ঠায় নিম্নে প্রদত্ত নমুনা মোতাবেক লিখা সিল Affix করতে হবে(সীলের সাইজ:৪ ইঞ্চিX২.৫ ইঞ্চি)।

> আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে ঘোষণা করছি যে, প্রণোদনার ভাউচারের প্রথম পৃষ্ঠায় বর্ণিত তথ্যানুযায়ী সরকার প্রদত্ত প্রণোদনার সমুদয় অর্থ বুঝিয়া পাইলাম। প্রাপ্যতার অতিরিক্ত অর্থ অথবা অন্য কোনও ব্যত্যয় পরিলক্ষিত হলে প্রণোদনার অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকিব।
>
> ..........................................
>
> (রেমিট্যান্স গ্রহিতার স্বাক্ষর ও তারিখসহ)

রেমিট্যান্স গ্রহিতার(Benificiary) স্বাক্ষর নিতে হবে যার সাথে তার পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/ ড্রাইভিং লাইসেন্স/অন্যান্য ফটোযুক্ত সরকারি পরিচয়পত্র ইত্যাদিতে বর্ণিত নাম ও স্বাক্ষরের সাথে অবিকল মিল থাকতে হবে।

(ঙ) প্রধান কার্যালয় থেকে প্রেরিত ১১১৮ প্রণোদনার অর্থ প্রদানের ক্ষেত্রে আন্তঃ হিসাব সমন্বয়ের জন্য সাধারণ হিসাব (IBTA) খাতের ক্রেডিট এ্যাডভাইস শাখা কর্তৃক প্রাপ্তির পর নিম্নরূপ ট্রান্সফার ভাউচার প্রস্তুত করতে হবে।

ডেবিটঃ ১১১৮ আন্তঃ হিসাব সমন্বয়ের জন্য সাধারণ হিসাব (IBTA) খাত ঃঃ ক্রেডিটঃ ১৩১/১৫৮-প্রণোদনা/নগদ সহায়তার অর্থ

(চ) প্রণোদনা/নগদ সহায়তার জন্য সমন্বয়ের পুনঃভরণের ক্রেডিট এ্যাডভাইস প্রদানকৃত রেমিট্যান্সের তথ্যের উপর ভিত্তি করে অটোমেশন সফটওয়্যারের মাধ্যমে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হবে। কারণবশতঃ প্রণোদনা/নগদ সহায়তার অর্থ বেনিফিসিয়ারীকে প্রদান করা না হলে শাখা কর্তৃক সাড়া প্রদান করে অটোমেশন সফটওয়্যারে Rejcet বাটনে Click করতে হবে। পরবর্তীতে অত্র বিভাগের সাথে শাখা কর্তৃক যোগাযোগ করে সমন্বয় করতে হবে।

(ছ) শাখার আদায়যোগ্য হিসাব থেকে পরিশোধিত প্রণোদনা/নগদ সহায়তার অর্থের হিসাব সঠিক ও যথাযথভাবে রক্ষনাবেক্ষন করার জন্য পৃথক রেজিষ্টার সংরক্ষন করতে হবে।

(জ) বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা গ্রহনের প্রমান পাওয়া গেলে পরবর্তীতে প্রাপক এ সুবিধা প্রাপ্য হবে না এবং বিধিবহির্ভূতভাবে প্রদত্ত অর্থ তার কাছ থেকে আদায়যোগ্য হবে।

(ঝ) Automation of International Remittance System for BKB হতে Download কৃত Account Payee Remittance এর ক্ষেত্রে প্রাপ্ত মুল অর্থ এবং প্রনোদনার অর্থ গ্রাহকের হিসাবে আলাদাভাবে পোষ্টিং দিতে হবে। উল্লেখ্য ৩(ক) এবং (খ) অনুযায়ী Account Payee Remittance এর প্রণোদনার অর্থ গ্রাহকের হিসাবে জমা করতে হবে।

০৪। ০১ জুলাই, ২০১৯ হতে অদ্যাবধি বকেয়া প্রণোদনা নিম্নরুপভাবে বিতরণ করতে হবে ঃ

(ক) Spot Cash ঃ বকেয়া গ্রহন করতে না আসা বেনিফিসিয়ারীর ক্ষেত্রে ব্যাংক নিজ দায়িত্বে গ্রাহকের সাথে যোগাযোগ করে কাগজপত্রাদি এবং নীতিমালা অনুযায়ী যাচাই সাপেক্ষে ৩০শে নভেম্বর, ২০১৯ এর মধ্যে বকেয়া প্রণোদনা প্রদান নিশ্চিত করবে। নির্ধারিত সময়ের পরে কোনও বেনিফিসিয়ারী প্রণোদনা/নগদ সহায়তা নিতে আসলে ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগের সাথে যোগাযোগ করে প্রণোদনা/নগদ সহায়তার অর্থ ছাড় করবেন।

চলমান-৩

**বিষয় ঃ বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা / নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

(খ) একাউন্ট ক্রেডিটঃ Account Payee Remittance এর ক্ষেত্রে প্রাপ্য প্রণোদনার টাকা যাচাই সাপেক্ষে পর্যায়ক্রমে ৩০শে নভেম্বর, ২০১৯ এর মধ্যে প্রেরণ করা হবে। Account Payee Remittance এর প্রণোদনা প্রাপ্তির সাথে সাথে শাখা কর্তৃক গ্রাহককে অবহিত করতে হবে। Account Payee Remittance এর ক্ষেত্রে সংযুক্ত ফরম্যাট অনুযায়ী প্রণোদনার অর্থ নেয়ার সময় প্রথমে একবার গ্রাহক হতে অঙ্গীকারনামা নিয়ে গ্রাহকের একাউন্ট খোলার ফরমের সাথে সংযুক্ত করতে হবে। সফটওয়্যার ডেভেলাপমেন্ট হওয়া মাত্রই Account Payee Remittance এর প্রণোদনার অর্থ প্রদান করতে হবে।

০৫। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করা হবে বিধায় প্রণোদনা/নগদ সহায়তার অর্থ সঠিকভাবে গ্রাহককে প্রদান করা হয়েছে কিনা তা অর্থ মন্ত্রনালয়, বাংলাদেশ ব্যাংক এবং বিকেবি কর্তৃক অডিট করা হবে। প্রণোদনার/নগদ সহায়তার অর্থ প্রদানের ক্ষেত্রে বিকেবি'র কর্মকর্তা/কর্মচারী কর্তৃক কোনও প্রকার ব্যত্যয় ঘটলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে। তাই প্রণোদনার অর্থ গ্রাহককে প্রদানের ক্ষেত্রে যথেষ্ট সর্তক থাকতে হবে।

০৬। শাখা কর্তৃক রেমিট্যান্স প্রদানের সাথে সাথে আদায়যোগ্য হিসাব উপ-খাত(১৩১/১৫৮) হতে ২% প্রণোদনার অর্থ প্রদান করতে হবে। সফটওয়্যার ডেভেলাপমেন্ট না হওয়া পর্যন্ত শাখা কর্তৃক বেনিফিসিয়ারীকে প্রদানকৃত ২% প্রণোদনা/নগদ সহায়তা মানিগ্রামের জন্য ডেভেলাপকৃত বিকেবি'র Interface এ Log In করে দৈনিক ভিত্তিতে প্রণোদনা সংক্রান্ত তথ্য এন্ট্রির মাধ্যমে হালনাগাদ করতে হবে। হালনাগাদ তথ্যের অনুযায়ী ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক পরবর্তীতে প্রণোদনার অর্থের ক্রেডিট এ্যাডভাইস শাখায় প্রেরণ করা হবে। অতি শীঘ্রই মাঠ পর্যায়ে মানিগ্রামের জন্য ডেভেলাপকৃত বিকেবি'র Interface এ এন্ট্রি দেয়ার ম্যানুয়ালটি প্রেরণ করা হবে। প্রণোদনা সংক্রান্ত বিষয়ে কোন তথ্যের প্রয়োজন হলে frmdincentive@krishibank.org.bd মেইলে যোগাযোগ করা যেতে পারে।

০৭। শাখা কর্তৃক রেমিট্যান্স প্রদানের সাথে সাথে আদায়যোগ্য হিসাব উপ-খাত হতে ২% প্রণোদনার অর্থ প্রদান করতে হবে। পরবর্তীতে ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ হতে ডেভেলপমেন্টকৃত সফটওয়্যারের মাধ্যমে শাখা কর্তৃক প্রদানকৃত প্রণোদনা/নগদ সহায়তা পুনঃভরন করা হবে। প্রণোদনা/নগদ সহায়তা পুনঃভরণ সংক্রান্ত সফটওয়্যার ডেভেলপমেন্টের কাজ অব্যাহত আছে। শাখা কর্তৃক প্রদানকৃত প্রণোদনার টাকা পুনঃভরণের ক্রেডিট এ্যাডভাইস অত্র বিভাগ হতে প্রাপ্তিতে বিলম্ব হতে পারে। তাই ৩(ছ) অনুচ্ছেদ মোতাবেক রেজিষ্ট্রারে সকল তথ্য সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে প্রণোদনা/নগদ সহায়তা সংক্রান্ত সফটওয়্যার ডেভেলপমেন্টের পর অত্র বিভাগ হতে ক্রেডিট এ্যাডভাইস পাওয়ার সাথে সাথেই তা সমন্বয় করতে হবে।

০৮। এ পরিপত্রের নির্দেশাবলী অনুসরণপূর্বক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণা মোতাবেক রেমিট্যান্স আহরণের উপর ২% প্রণোদনা/নগদ সহায়তা সংশ্লিষ্ট গ্রাহকদেরকে পরিশোধের ক্ষেত্রে শাখাগুলোকে নিষ্ঠার সাথে কাজ করে ব্যাংকের রেমিট্যান্স ব্যবসায় সফল অবদান রাখাসহ সরকারের ঘোষণাকে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। এ বিষয়ে অধিকতর স্পষ্টীকরণের প্রয়োজনে সংশ্লিষ্ট সকলকে বিকেবি, ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। যেহেতু প্রধান কার্যালয়, মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয় সার্বক্ষনিক শাখাকে সহযোগিতা প্রদান করে থাকে সেহেতু শাখা পর্যায়ে গ্রাহককে প্রণোদনা/নগদ সহায়তা প্রদানে কোন অজুহাত (বিদ্যুৎ নাই, শাখার কম্পিউটার/ প্রিন্টার নষ্ট ইত্যাদি), অনীহা এবং বিলম্ব কোনক্রমেই গ্রহনযোগ্য নয়।

০৯। অত্র পরিপত্রের নিদের্শনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

সংযুক্তি: বর্ণনানুযায়ী

২৮/১০/২০১৯

(মনির উদ্দিন)
মহাব্যবস্থাপক(চলতি দায়িত্বে)
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-প্রকা/ এফআরএমডি/-০৯(০৪)/২০১৯-২০২০/৫৮৬ তারিখ ঃ ১৬.১০.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (ই-মেইলে) অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১) চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২) ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩) ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।
০৪) সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (হিসাব সমন্বয় বিভাগ তাদের সফটওয়্যারে প্রণোদনা সংক্রান্ত সকল কোড নম্বর সংযোজনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।)
০৫) সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬) সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
০৭) নথি/মহানথি।

(গীতা রানী সাহা)
উপ-মহাব্যবস্থাপক

# অঙ্গীকারনামা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণা মোতাবেক রেমিট্যান্স আহরণের উপর ২% প্রণোদনা/নগদ সহায়তা আপনার ব্যাংকে পরিচালিত আমার হিসাব নম্বরে ফরেন রেমিট্যান্সের মূল অর্থ জমাকরণের সাথে সাথে প্রনোদনার অর্থ জমাকরণের জন্য অনুরোধ করছি  আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে ঘোষণা করছি যে, সরকার প্রদত্ত প্রণোদনার প্রাপ্যতার অতিরিক্ত অর্থ অথবা অন্য কোনও ব্যত্যয় পরিলক্ষিত হলে প্রণোদনার অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকিব

..............................

(হিসাবধারীর স্বাক্ষর)

হিসাবধারীর নামঃ

হিসাব নাম্বারঃ

এনআইডি/পাসপোর্ট/ছবিযুক্ত আইডি নংঃ

মোবাইল নম্বরঃ

Bangladesh Krishi Bank
Foreign Remittance Management Department
Head Office, Dhaka